# SAMPLE QUESTION PAPER OF CLASS XII

## SESSION - 2015 - 2016

## SUBJECT - BENGALI

## CODE - 105

## SET - II

Code No. 105

- Please check that this question paper contains 9 printed pages.
- Please check that this question paper contains 16 questions
- 15 minutes time has been allotted to read this question paper. This question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m. the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

The Question Paper is divided into four sections

SECTION - A : Reading (Comprehension)

SECTION - B : Grammar

SECTION - C : Composition & Writing

SECTION - D : Literature

## Class - XII (2015 - 16)
## Subject - Bengali
## Set - II

সময় - ৩ ঘন্টা
*Time : 3 Hrs.*

সর্বমোট অঙ্ক - ৮৫
*Maximum Marks - 85*

## Section - A (Reading)

1. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ 1+1+1+1+1 = 5

বর্তমান সভ্যতায় দেখি, এক জায়গায় একদল মানুষ অন্ন উৎপাদনের চেষ্টায় নিজের সমস্ত শক্তি নিয়োগ করেছে, আর এক জায়গায় আর একদল মানুষ স্বতন্ত্র থেকে সেই অন্নে প্রাণ ধারণ করে। চাঁদের যেমন এক পিঠে অন্ধকার, অন্য পিঠে আলো, এ সেই রকম । এক দিকে দৈন্য মানুষকে পঙ্গু করে রেখেছে - অন্যদিকে ধনের সন্ধান, ধনের অভিমান, ভোগবিলাস সাধনের প্রয়াসে মানুষ উন্মত্ত । অন্নের উৎপাদন হয় পল্লীতে, আর অর্থের সংগ্রহ চলে নগরে। অর্থ-উপার্জনের সুযোগ ও উপকরণ যেখানেই কেন্দ্রীভূত, স্বভাবত সেখানেই আরাম, আরোগ্য, আমোদ ও শিক্ষার ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়ে অপেক্ষাকৃত অল্পসংখ্যক লোককে ঐশ্বর্যের আশ্রয় দান করে। পল্লীতে সেই ভোগের উচ্ছিষ্ট যা কিছু পৌঁছয় তা যৎকিঞ্চিৎ । গ্রামে অন্ন উৎপাদন করে বহু লোকে, শহরে অর্থ উৎপাদন করে অল্প সংখ্যক মানুষ; অবস্থার এই কৃত্রিমতায় অন্ন এবং ধনের পথে মানুষের মধ্যে সকলের চেয়ে প্রকাণ্ড বিচ্ছেদ ঘটেছে। এই বিচ্ছেদের মধ্যে যে সভ্যতা বাসা বাঁধে তার বাসা বেশিদিন টিকতেই পারে না। গ্রীসের সভ্যতা নগরে সংহত হয়ে আকস্মিক ঐশ্বর্যের দীপ্তিতে পৃথিবীকে বিস্মিত করেছিল, কিন্তু নগরে একান্ত কেন্দ্রীভূত তার শক্তি স্বল্পায়ু হয়ে বিলুপ্ত হয়েছে ।

a) দৈন্য মানুষকে কি করে রেখেছে ?
b) গ্রামে বহু লোক কি উৎপাদন করে ?
c) অন্নের উৎপাদন হয় পল্লীতে আর অর্থের সংগ্রহ চলে কোথায় ?
d) ঐশ্বর্যের দান কোথায় কম পৌঁছোয় ?
e) 'স্বল্পায়ু' শব্দটির সন্ধি বিচ্ছেদ কর ।

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ 1+1+1+1+1 = 5

কিভাবে স্বামীজী আর্ত-আতুরের সেবার আদর্শ স্থাপন করেছিলেন একটি ঘটনা থেকেই তা বোঝা যাবে । কলকাতায় যখন ভয়ানকভাবে প্লেগ রোগের প্রাদুর্ভাব হয়েছিল, দুরন্ত কালব্যাধি ভীষণ মূর্তি ধারণ করে লোকক্ষয় করছিল, তখন তিনি নিজের ভগ্নস্বাস্থ্য উদ্ধারের জন্য দার্জিলিংয়ে ছিলেন।



Contd.

কলকাতার সংবাদ পাওয়া মাত্র তিনি স্থির থাকতে পারলেন না; - পড়ে থাকল তাঁর নিজের স্বাস্থ্যরক্ষার কথা। আর্ত-আতুরের দরদী বন্ধু এই মহাপ্রাণ সন্ন্যাসী অবিলম্বে দার্জিলিং থেকে ফিরে এলেন এবং সঙ্গে সঙ্গে রোগীদের সেবায় আত্মনিয়োগ করলেন। সে সময়ে দলে দলে লোক কলকাতা ছেড়ে যাচ্ছিল। আর তিনি নিরাপদ স্থান থেকে সংক্রমক ব্যাধির কেন্দ্রে উপস্থিত হয়ে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করে ব্যাধির বিরুদ্ধে সংগ্রাম করতে লাগলেন। এই সময় কেউ কেউ তাঁকে জিজ্ঞাসা করল - "এই কাজের জন্য যে অর্থের দরকার হবে, তা কোথায় পাওয়া যাবে ?" স্বামীজী তৎক্ষণাৎ উত্তর দিলেন, "যদি দরকার হয় মঠের জন্য নতুন জমি বিক্রি করব। সহস্র সহস্র ব্যক্তি আমাদের চোখের সামনে যন্ত্রণা ভোগ করবে, আর আমরা মঠ করব। আমরা সন্ন্যাসী। না হয় পূর্বের মতো আবার আমরা তরুতলে বাস করব, ভিক্ষায় উদর পূরণ করব, কিন্তু জনসেবা করে যাব।" আনন্দের কথা যে, সে মঠের জমি বিক্রয় করতে হল না।

a) 'দুরন্ত কালব্যাধি' বলতে কোন রোগের কথা বলা হয়েছে ?

b) স্বামীজী দার্জিলিং-এ গিয়েছিলেন কেন ?

c) স্বামীজী কেন মঠের জন্য নতুন জমি বিক্রির সিদ্ধান্ত নিয়েছিলেন ?

d) কে নিজেকে সন্ন্যাসী বলেছেন ?

e) ব্যাস বাক্য সহ সমাস নির্ণয় কর - মহাপ্রাণ

## Section - B (Grammar)

3. ধ্বনিতত্ত্বের রীতিগুলির মধ্যে যে কোন একটির দুইটি উদাহরণ সহ সংজ্ঞা লেখ ঃ

a) অপিনিহিতি (3+2)×1 = 5

b) অভিশ্রুতি

c) স্বরসংগতি

4. যে কোন একটি অলংকারের উদাহরণ সহ সংজ্ঞা লেখ ঃ (3+2)×1 = 5

a) উপমা

b) অনুপ্রাস

c) যমক

**অথবা**

অলংকার নির্ণয় করো এবং অলংকারটির সংজ্ঞা লেখ। (যে কোন একটি) (3+2) ×1 = 5

a) পাখির নীড়ের মত চোখ তুলে নাটকের বনলতা সেন।

b) বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিনীর বীণ

c) কেতকী কেশরে কেশপাশ করো সুরভী

5. যে কোন চারটি বাগধারা / প্রবাদের অর্থ লেখ এবং একটি করে বাক্য রচনা কর। $2 \times 4 = 8$

ছাই ফেলতে ভাঙা কুলো, চোখে সরষে ফুল দেখা, গড্ডলিকা প্রবাহ, জুতো সেলাই থেকে চন্ডীপাঠ, ধনুক ভাঙা পণ, তুষের আগুন, মান্ধাতার আমল, চাঁদের হাট।

## Section - C (Composition & Writing)

6. নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। প্রতিবেদনটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ $2+2+2 = 6$

অপ্রত্যাশিত ! ০-৪ । বেলজিয়ামের কাছে নাস্তানাবুদ হয়ে হারল ভারত। বেলজিয়ামে বিশ্ব হকি লিগের সেমিফাইনালে । এতে অবশ্য ভারতে অনুষ্ঠেয় বিশ্ব হকি লিগের ফাইনাল পর্যায়ে খেলা আটকাচ্ছে না সর্দার সিংয়ের দলের। সংগঠক দেশ হিসেবে ভারত ওখানে সরাসরি খেলবে। এদিকে, পঞ্চম থেকে অষ্টম স্থান নির্ধারণের খেলায় আয়ারল্যান্ডের কাছে ১-০ গোলে হেরে রিও অলিম্পিক থেকে ছিটকে গেল পাকিস্তান। ভারত ভাগ হওয়ার পর ১৯৪৮ সালে পাকিস্তান অলিম্পিকে প্রথম অংশ নেয়। তার পর এই প্রথম ২০১৬ সালে রিও-তে পাকিস্তানকে ছাড়া অলিম্পিক হকির খেলা হবে। এই উপমহাদেশের হকির কাছে এটা একটা বড় ধাক্কা। পরাজয়ের পর পাক অধিনায়ক মহম্মদ ইমরান বলেন, ‘পাকিস্তানের হকির দুঃখের দিন। পাকিস্তানের হকিপ্রেমীদের কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি।’ প্রতিযোগিতামূলক হকিতে ১১ বার মুখোমুখি হয়ে এই প্রথম আয়ারল্যান্ডের কাছে পাকিস্তান হারল। উল্লেখ্য, গত বছর বিশ্বকাপ হকিতেও খেলার সুযোগ পায়নি পাকিস্তান। এতে পরিষ্কার, আন্তর্জাতিক হকিতে পায়ের তলার মাটি পাকিস্তান ক্রমশ হারাচ্ছে।

a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

b) দু’টি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর।

c) অধিনায়ক মহম্মদ ইমরান কী বলেছিলেন ?

7. বেড়াতে যাবার কথা রাখতে না পারার জন্য দুঃখ প্রকাশ করে বন্ধুকে একটি পত্র লেখ । $3+3 \times 1 = 6$

**অথবা**

বর্তমান জগতে প্রাকৃতিক দুর্যোগের কারণ ও তার প্রতিকার সম্বন্ধে সচেতন করে তোমার ভাইকে একটি পত্র লেখ।

## Section - D (Literature)

8. “উনি আমার পতিদেবতা” $1+1+3 = 5$

a) বক্তা কে ?

b) পতিদেবতাটি কে ?

c) বক্তা কাকে এবং কেন পতিদেবতা বলে চিহ্নিত করেছেন ?

**অথবা**

"তাই মাঝে মাঝে বিমর্ষ সভ্যতার মুখ চোখে পড়ে"

a) কার লেখা, কোন্ গল্পের অংশ ?

b) কোন ঘটনা প্রসঙ্গে এরূপ মন্তব্যের অবতারণা করা হয়েছে ?

c) 'বিমর্ষ সভ্যতার মুখ' বলতে লেখক কি বোঝাতে চেয়েছেন ?

9. সঠিক উত্তরটি নির্বাচন করো। (MCQ) যে কোন পাঁচটি ঃ $1 \times 5 = 5$

a) শার্শিতে আটকানো মৌমাছির মতো মাথা খুঁটছে

A. নিখিল

B. মৃত্যুঞ্জয়

C. লেখক।

b) উচ্ছব কোন্ চাতালে বসে ?

A. দুর্গামন্দিরের

B. শিবমন্দিরের

C. বার-বাড়ির

c) হঠাৎ বিকেলে যে অদ্ভুত দৃশ্যটি দেখা গেল তা হল

A. বুড়ি হেঁটে এদিকেই আসছে

B. বুড়ির মড়াটা চ্যাংদোলায় নিয়ে আসছে মুসলমান পাড়ার লোকেরা

C. বটতলায় বুড়ি চিত হয়ে পড়ে আছে

d) মেজ আর ছোটোর জন্য বারোমাস কোন্ চাল রান্না হয় ?

A. রামশাল

B. কনকপানি

C. পদ্মজালি।

e) নদীতে ফেলে দিয়ে এসো ! কে বলল ?

A. চৌকিদার

B. বারোয়ারি তলার ছেলেরা

C. নিবারণ বাগদি।

f) "ওর সঙ্গে থেকে থেকে আমিও অনেকটা ওঁর মতো হয়ে গেছি।" - উক্তিটি করেছে

A. মৃত্যুঞ্জয়ের স্ত্রী

B. নিখিল

C. মৃত্যুঞ্জয় নিজে।

g) মৃত্যুঞ্জয় একতাড়া নোট নিখিলের সামনে রেখে অনুরোধ করেছিল -

A. টাকাটা তার বাড়িতে স্ত্রীর কাছে পৌঁছে দিতে

B. কোনো রিলিফ ফান্ডে দিয়ে আসতে

C. কোনো অনাথ আত্মীয়ের বাড়ি দিয়ে আসতে।

h) উচ্ছব আবার কাঠ কাটতে থাকে। প্রত্যেকটি কাঠ কত হাত লম্বা হবে ?

A. দু'হাত

B. আড়াই হাত

C. দেড় হাত।

10. প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখ ঃ $5\times1 = 5$

"জানিলাম এ জগৎ
স্বপ্ন নয়।"

**অথবা**

"— সেই কবিতায় জাগে
আমার বিবেক, আমার বারুদ
বিস্ফোরণের আগে।"

11. "বহুদিন জঙ্গলে যাইনি।" $(1+1+3)\times1 = 5$

a) এই কবিতায় কবি কোথায় বাস করেন ?

b) কবি জঙ্গলে যেতে চান কেন ?

c) জঙ্গল এবং শহরের মধ্যে কবি কবিতায় কোন্‌টিকে বেশি গুরুত্ব দিয়েছেন ? কারণসহ লেখো।

**অথবা**

"ক্রন্দনরতা জননীর পাশে এখন যদি না থাকি" -

a) 'ক্রন্দনরতা জননী' বলতে ঠিক কী বোঝানো হয়েছে ?

b) 'এখন' বলতে কখন বা কোন্ সময়ের কথা বলেছেন ?

c) কে, কেন থাকার বাসনা প্রকাশ করেছেন ?

12. "আমার প্রতিভা এখনও মরেনি, - শরীরে যদি রক্ত থাকে, তাহলে সে রক্তে মিশে আছে প্রতিভা"-

a) কে, কোন্ প্রসঙ্গে কথাগুলি বলেছেন ?

b) এই অংশের বক্তব্যটি তোমার নিজের ভাষায় বুঝিয়ে দাও। 2+3 = 5

**অথবা**

"ও শুধু আমাকে আলমগিরের পার্ট করতে দেখেছিল, আর কিছু নয়।"

a) কে, কাকে, কখন একথাগুলি বলেছেন ?

b) বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা কর। 2+3 = 5

13. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ (MCQ) (যে কোন পাঁচটি) 1×5 = 5

a) দিলদারের পোশাক পরে কে মঞ্চে প্রবেশ করেন -

A. অভিনেতা রজনীকান্ত চট্টোপাধ্যায়

B. নাট্যকার স্বয়ং

C. এক জনৈক অভিনেতা

b) নানা রঙের দিন নাটকে কটি চরিত্র ?

A. দু'টি

B. তিনটি

C. একটি

c) "কেমন যেন ভয় ভয় লাগছে" - কার ভয় ভয় লাগছিল ?

A. রজনীকান্ত

B. কালীনাথ

C. রামব্রীজ

d) রজনীকান্ত এক পা এক পা করে কোন্ দিকে এগিয়ে চলেছেন ?

A. মৃত্যুর দিকে

B. জীবনের দিকে

C. বাড়ির দিকে।

e) রজনীবাবুর থিয়েটার জীবন কত বছরের ?

A. ৩৫ বছরের

B. ৪০ বছরের

C. ৩০ বছরের

f) রজনীকান্ত কোন্ জায়গাকে শ্মশান মনে করেছেন ?

A. নিজের ঘর

B. গ্রীনরুম

C. অডিটোরিয়াম

g) "নানা রঙের দিন" - নাটকে প্রম্পটার চরিত্রটির নাম কী ?

A. রজনীকান্ত চট্টোপাধ্যায়

B. কালীনাথ সেন

C. কালীপদ সেনগুপ্ত

14. "কত সব খবর !
কত সব প্রশ্ন" 2+3 = 5

a) মূল কবি ও অনুবাদকের নাম লেখ।

b) কত সব প্রশ্ন উঠছে কেন ?

**অথবা**

"…. বইয়ে লেখে রাজার নাম
'রাজারা কি পাথর ঘাড়ে করে আনত ?"

a) কার লেখা কোন্ কবিতার অংশ ?

b) রাজাদের পাথর ঘাড়ে করে আনার কথা কেন বলা হয়েছে তা বুঝিয়ে দাও।

15. ''একটা দুষ্টু শনি কোথাও কোনো আনাচে যেন লুকিয়ে আছে'' 1+4

a) এখানে কাদের কথা বলা হয়েছে ?

b) 'দুষ্টু শনি'-র মাধ্যমে লেখক কী বোঝাতে চেয়েছেন তা বুঝিয়ে লেখ।

**অথবা**

''নিজের ওপরই রাগ হল। কী বোকা আমি ! এই লোকটার জন্যে এতদিন গর্ব করে বেড়িয়েছিলাম?''

a) লেখক কার জন্য গর্ব করে ছিলেন ?

b) লেখকের গর্ব করার আবার রাগ হওয়ার কারণ কী ?

**অথবা**

''এদিকে আর একরকমের প্রথা আছে''

a) এই প্রথার নাম কী ?

b) এই প্রথার পরিচয় দাও ।

16. সঠিক উত্তরটি বেছে লেখ (MCQ) (যে কোন পাঁচটি) $1 \times 5 = 5$

a) ''এদের মধ্যে একজনের নাম মুস্তাফা''

A. মুস্তাফা ফুটফুটে বছর দশেকের একটি ছেলে ।

B. এক দাড়িওয়ালা সেপাই

C. জেলের এক কর্মচারী

b) ''এছাড়াও আছে কেসটেবিল।''

A. এই টেবিলে বসে জেলার ও কর্মীরা আলোচনা করেন।

B. কারো নামে নালিশ হলে তার ডাক পড়ে

C. কয়েদীদের খাওয়ার ব্যবস্থা থাকে এখানে ।

c) ''সর লিকলিকে আঙুল দিয়ে সেইসব খুনিদের সে শনাক্ত করছে''

A. 'সে' বলতে এখানে বয়স্ক রুগ্ন বৃদ্ধকে বোঝানো হয়েছে

B. 'সে' এখানে সমাজব্যবস্থাকে বোঝাচ্ছে

C. 'সে' বলতে বারো, তেরো বছরের ছেলের কথা বলা হয়েছে

d) ""হঠাৎ একদিন ক্ষেপে উঠল কলের কলকাতা।"" ক্ষেপে উঠল কিভাবে ?

A. হিন্দু-মুসলমানের মধ্যে দাঙ্গা বেধে গেল।

B. শহরে হঠাৎ জরুরী আইন চালু হল

C. পরাধীন ভারতবাসী স্বাধীনতার জন্য স্বদেশী আন্দোলন শুরু করল।

e) 'করুণার অবতার' প্রবাদটি 'ছাতির বদলে হাতি' রচনায় কোন অর্থে ব্যবহৃত হয়েছে ?

A. মহাজনের প্রতি কৃতজ্ঞতা প্রদর্শন করে

B. মহাজনের প্রতি কটাক্ষ বা ব্যঙ্গ করে

C. কোনো মহাপুরুষ সম্পর্কে

f) 'গারো পাহাড়ের নীচে' রচনার গানটির কোন ভাব প্রকাশ করেছে ?

A. প্রজাদের দুঃখ কষ্টের দিকটি বোঝাতে

B. পাকা ধানের আঁটি নিয়ে মনের আনন্দের প্রকাশ বোঝাতে

C. প্রকৃতির সৌন্দর্য ফুটিয়ে তুলতে।

g) জল খাবারের পয়সা থেকে চার আনা বাঁচিয়ে লেখক কী কেনেন ?

A. রঙিন ঘুড়ি

B. খদ্দরের টুপি

C. নেতাজীর ছবি

h) 'অকাল' বলতে কী বোঝায় ?

A. সময়ের অভাব

B. কালের অভাব

C. খাদ্যের অভাব

—*—